

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮৭. শাস্তিপ্রাপ্ত কোন জাতির শাস্তির এলাকা বিনা কান্নায় স্বাভাবিকভাবেই অতিক্রম করা

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) যখন 'হিজ্র তথা সামূদ্ জাতির শাস্তির এলাকা অতিক্রম করছিলেন তখন তিনি সাহাবাগণকে উদ্দেশ্য করে বলেন:

لاَ تَدْخُلُوْا مَسَاكِنَ الَّذِيْنَ ظَلَمُوْا أَنْفُسَهُمْ أَنْ يُصِيْبَكُمْ مَا أَصَابَهُمْ ، إِلاَّ أَنْ تَكُوْنُوْا بَاكِيْنَ ، ثُمَّ قَنَّعَ رَأْسَهُ وَأَسْرَعَ السَّيْرَ حَتَّى أَجَازَ الْوَادِيَ

"যারা আল্লাহ্ তা'আলার অবাধ্য হয়ে নিজের উপর নিজে যুলুম করেছে তাদের এলাকায় তোমরা কান্নারত অবস্থা ছাড়া পদার্পণ করো না। তা না হলে তোমরা সে শাস্তিতেই নিপতিত হবে যাতে তারা একদা নিপতিত হয়েছে। অতঃপর রাসূল (সা.) নিজ মাথা খানা ঢেকে দ্রুত উক্ত এলাকা অতিক্রম করেন"।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৪৩৩, ৩৩৮০, ৩৩৮১, ৪৪১৯, ৪৪২০, ৪৭০২ মুসলিম, হাদীস ২৯৮০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11437

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন